গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণপূর্ত অধিদপ্তর
প্রগতি শাখা

| | | |
|---|---|---|
| বিষয় | : | ডিসেম্বর/২০১৬ প্রাক-সমন্বয় সভার কার্যবিবরণী |
| সভাপতি | : | জনাব মোঃ খোরশেদ আলম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস) |
| তারিখ ও সময় | : | ১৯/১২/২০১৬খ্রিঃ, সোমবার, দুপুর ১২.০০ঘটিকা |
| স্থান | : | প্রধান প্রকৌশলীর সভাকক্ষ |
| উপস্থিতি তালিকা | : | সংযুক্ত। |

সভাপতি সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিষয়ভিত্তিক আলোচনার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে পরামর্শ দেন। আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

**আলোচ্যসূচী-১ ঃ বিভিন্ন অনিস্পন্ন বিষয় সংক্রান্ত ঃ**

**আলোচনা ঃ** সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) জানান, গণপূর্ত অধিদপ্তর সর্ম্পকিত ১৭টি অনিস্পন্ন বিষয়ের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এর মধ্যে ক্রমিক -৯ এবং ১৬ নং বিষয়ক প্রতিবেদন মাঠ পর্যায় হতে পাওয়া যায়নি।সভাপতি ক্রমিক ৯ এ উল্লেখিত মিনি পার্ক বিষয়ক প্রতিবেদন অত্র দপ্তর হতে প্রেরণের এবং ক্রমিক-১৬ এ উল্লেখিত শিল্প মন্ত্রণালয়ের জমি বিষয়ক প্রতিবেদনটি মাঠ পর্যায়ে যোগাযোগ করে যথাসম্ভব দ্রুত প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্ত ঃ** ( ক) অনিস্পন্ন বিষয়ের প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের উদ্যোগসহ অনিস্পন্ন বিষয় Single digit এ নামিয়ে আনার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

(খ) মিনি পার্ক বিষয়ক প্রতিবেদনটি অত্র দপ্তর হতে প্রেরণ করতে হবে।

(গ) শিল্প মন্ত্রণালয়ের জমি বিষয়ক প্রতিবেদনটি মাঠ পর্যায় যোগাযোগ করে দ্রুত প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন ঃ**তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**আলোচ্যসূচী-২ ঃ জনসেবা মুলক কাজ ঃ**

**আলোচনা ঃ** সভায় জানানো হয় যে, সেবা সহজীকরণের আওতায় মতিঝিল পাইলট এরিয়ায় গৃহীত ‘সরকারী বাসা ও দপ্তরসমুহের দৈনন্দিন মেরামত’ শীর্ষক কার্যক্রমটি আজিমপুর এরিয়াতে শুরু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে ।এছাড়াও আরও কয়েকটি সেবা সহজীকরণ সম্পর্কিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং এ ধরণের প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।

সভায় আরও জানানো হয় যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তরের সম্মন্বিত উদ্যোগে গণপূর্ত অধিদপ্তরের ট্রেনিং একাডেমী এবং টেষ্টিং ল্যাবরেটরীতে আগামী ২০ ও ২১ ডিসেম্বর একটি কর্মশালা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

**সিদ্ধান্ত ঃ** (ক) সেবা সহজীকরণের আওতায় যে সকল উদ্যোগ গ্রহণ করা হয়েছে, সেগুলোর কার্যকারিতা পর্যালোচনা করে সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।

(খ)'সরকারী বাসা ও দপ্তরসমুহের দৈনন্দিন মেরামত' শীর্ষক চালুকৃত অনলাইন ভিত্তিক সেবার পদ্ধতি সেবা গ্রহীতাদের অবগতির জন্য পদ্ধতির বিস্তারিত বিবরণ লিফলেট আকারে প্রত্যেক ফ্ল্যাটে সরবরাহ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/নির্বাহী প্রকৌশলী(এমআইএসসেল)/নির্বাহী প্রকৌশলী,মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা ।

**আলোচ্যসূচী-৩ ঃ <u>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন অব্যবহৃত জমির তথ্য ঃ</u>**

**আলোচনা ঃ** সভায় জানান হয়, গণপূর্ত অধিদপ্তর এর মালিকানাধীন অবৈধ দখলাধীন জমির বিষয়ে বিভিন্ন আদালতে বিচারাধীন মামলার প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। সভায় জানানো হয় সম্প্রতি ঝিনাইদহের কালিগঞ্জ উপজেলায় ৫.৮০ একর জমি উদ্ধার করা হয়েছে।এর জন্য ১৫,৫৮,৬৫৪/-টাকা মূল্যমানের একটি প্রাক্কলন ঝিনাইদহ গণপূর্ত বিভাগ হতে সরাসরি প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করা হয়েছে। সভাপতি জমি উদ্ধারের এ ধরণের উদ্যোগের প্রশংসা করেন এবং উদ্ধারকৃত জমিতে কাঁটা তারের বেষ্টনী /সীমানা প্রাচীর নির্মাণ জরুরী বলে মত প্রকাশ করেন। তিনি অবৈধ দখলাধীন জমির বিষয়ে আদালতে চলমান মামলার অগ্রগতি নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিত করার উপর গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্ত ঃ** (ক) অবৈধ দখলাধীন জমির বিষয়ে আদালতে চলমান মামলার অগ্রগতি নিয়মিত ভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

(খ) অবৈধ দখল হতে উদ্ধারকৃত জমিতে সীমানা প্রাচীর/ কাঁটা তারের বেড়া নির্মাণসহ প্রকল্প বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে ।

(গ) ঝিনাইদহের কালিগঞ্জে সম্প্রতি উদ্ধারকৃত জমিতে দ্রুত কাঁটা তারের বেড়া /সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে।এ ব্যাপারে প্রয়োজনীয় বরাদ্দের উদ্যোগ নিতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন)/ (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**আলোচ্যসূচী-৪ ঃ <u>অডিট আপত্তি ঃ</u>**

**আলোচনা ঃ** সভায় জানানো হয়,বিগত ২৪/১১/২০১৬খ্রিঃ তারিখে নীলফামারী গণপূর্ত বিভাগের ৭টি সাধারণ আপত্তি নিয়ে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় সভায় ৩টি আপত্তি ড্রপের সুপারিশ করা হয়েছে এবং এবং ৪টি আপত্তির জবাব পুনঃদাখিলের জন্য দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) জানান ২১/১২/২০১৬খ্রিঃ তারিখে নীলফামারী গণপুর্ত বিভাগে অডিট আপত্তি নিয়ে সচিব মহোদয় আলোচনা করবেন। সেজন্য প্রয়োজনীয় তথ্য মন্ত্রণালয়ের সভায় নিয়ে যেতে হবে। সভায় জানানো হয়, অন্যান্য গণপূর্ত বিভাগের অডিট আপত্তির ব্যাপারে দ্বিপক্ষীয় সভা আয়োজনের জন্য তাগিদ প্রদান করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** (ক) অডিট আপত্তি নিস্পত্তির যথাযথ উদ্যোগ অব্যাহত রাখতে হবে ।
(খ) নীলফামারী গণপূর্ত বিভাগের ৩টি ড্রপ হওয়া আপত্তির সুপারিশ এবং ৪টি আপত্তির জবাব পুনঃদাখিল সংক্রান্ত নির্দেশনার কাগজপত্র মন্ত্রণালয়ের সভায় নিয়ে যেতে হবে।
(গ) পর্যায়ক্রমে অবশিষ্ট গণপূর্ত বিভাগের অডিট আপত্তি নিস্পত্তির ব্যাপারে দ্বিপক্ষীয় সভা আয়োজনের জন্য সংশ্লিষ্ট দপ্তরের সাথে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও অডিট) এবং নির্বাহী প্রকৌশলী (অডিট), ঢাকা।

**আলোচ্যসূচী-৫ ঃ <u>(ক) আদালতে বিচারাধীন মামলা:</u>**

**আলোচনা ঃ** সভায় আইন কর্মকর্তা জানান, মামলা বিষয়ক নতুন কোন সমস্যা নেই। বর্তমানে মাসে উৎপত্তি মামলার সংখ্যা ৭টি এবং নিস্পত্তিকৃত মামলার সংখ্যা ২টি।২টি মামলার রায়ই সরকারের পক্ষে হয়েছে। বিভিন্ন জেলা হতে মামলা বিষয়ক যে সকল প্রতিবেদন প্রতিমাসে প্রেরণ করা হয়, সেগুলোর হালনাগাদ তথ্য প্রেরণের জন্য মাঠ পর্যায়ে পত্র দেওয়া হয়েছে। সভাপতি মামলার প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ের উপর গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্ত ঃ** আদালতে বিচারাধীন মামলার প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ এবং মামলাগুলো নিস্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ আইন কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**আলোচ্যসূচী-৫ঃ <u>(খ) বিভাগীয় শৃঙ্খলা মূলক মামলা:</u>**

**আলোচনা ঃ** সভায় জানান হয় যে, ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের দূনীতি ও শৃঙ্খলা মূলক অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা ৩৭ টি (অব্যাহতি-১টি, এক বছরের উর্দ্ধে ২২ টি, ছয় মাসের উর্দ্ধে ১টি এবং তিন মাসের উর্দ্ধে ১৩টি)। তাছাড়া তৃতীয় এবং চতুর্থ শ্রেনীর কর্মচারীদের দূর্নীতি ও শৃঙ্খলা মূলক বর্তমানে অনিস্পত্তিকৃত বিভাগীয় মামলার মোট সংখ্যা-১৮টি(এক বছরের উর্দ্ধে ৯টি, ছয় মাসের উর্দ্ধে ১ টি এবং তিন মাসের উর্দ্ধে ২টি, অন্যান্য দন্ড ১টি এবং অব্যাহতি ৫টি)। সভাপতি মামলার নথিসমুহ স্বচ্ছ ও নিরপেক্ষভাবে প্রক্রিয়াকরণের উপর গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্ত ঃ** মামলার তথ্যাদি নিয়মিতভাবে এবং সংশ্লিষ্ট সকল কাগজপত্র সমন্বয়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী (তদন্ত), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**আলোচ্যসূচী-৬ ঃ ইসেবা কার্যক্রম ঃ**

**আলোচনা ঃ** সভায় জানান হয়, মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা অনুযায়ী PWD Website বাংলায় রুপান্তর করে Website এ অর্ন্তভূক্ত করা হয়েছে । টেন্ডার বিজ্ঞপ্তি, নিয়োগ বিজ্ঞপ্তির সার্কুলার, Transfer Order, Promotion Order Upload, Audit related Order / Fund Allotment Order, NOC/GO Note Verbale এবং বিভিন্ন দাপ্তরিক নির্দেশনা নোটিশ বোর্ডে upload করা হচ্ছে, অব্যবহৃত/অবৈধ দখল থেকে উদ্ধারকৃত জমির ডাটাবেইজ সফটওয়ার অনলাইন এ upload (Acquired Land Data base), তথ্য শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের কর্মপরিকল্পনা (National integrity strategy),পরিবর্তিত ছক অনুযায়ী সিটিজেন চার্টার upload করন, বিভিন্ন জোন কর্তৃক মাসভিত্তিক অগ্রগতির প্রতিবেদন upload, তথ্য অধিকার আইন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার তালিকা, সকল কর্তব্যরত কর্মকর্তাদের Contact Information, অনলাইন সাময়িকী (পূর্ত বার্তা), Annual Procurement Plan (2016-17), Upload করা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), Menu তে জোন, সার্কেল, বিভাগ ভিত্তিক APA Format Down loadable Form এ দেওয়া আছে। তাছাড়া ৫৩০ জন ক্যাডার কর্মকর্তার PMIS Registration সম্পুর্ন হয়েছে এবং নব নিয়োগকৃত ৩৪তম বিসিএস ক্যাডার কর্মকর্তাদের অর্ন্তভূক্ত করা হচ্ছে।

সভায় আরও জানান হয়, প্রধানমন্ত্রীর দপ্তরের নির্দেশনা অনুযায়ী ইতিমধ্যে Official Face Book খোলা হয়েছে।মতিঝিলের ন্যায় কলোনীবাসীদের সেবা সহজীকরণের ব্যাপারে আজিমপুর গণপূর্ত বিভাগকে Website এ লিংক করার কাজ প্রায় চুড়ান্ত পর্যায় রয়েছে। সভাপতি ই-সেবা কার্যক্রম নিয়মিত ভাবে হালনাগাদ করার উপর গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্ত ঃ** ই-সেবা কার্যক্রম নিয়মিতভাবে হালনাগাদ করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) / নির্বাহী প্রকৌশলী (এম.আই.এস.সেল), গণপূর্ত অধিদপ্তর,ঢাকা।

**আলোচ্যসূচী-৭ ঃ শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন:**

**আলোচনা ঃ**সভায় জানান হয়, বিগত ২০/১১/২০১৬খ্রিঃ তারিখে প্রধান প্রকৌশলীর কার্যালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA) এবং নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অগ্রগতি নিয়েও প্রাথমিকভাবে পর্যালোচনা করা হয়েছে।তাছাড়া ইতিমধ্যে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।সভাপতি নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী জরুরী ভিত্তিতে প্রকাশের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আরও উদ্যোগী হওয়ার পরামর্শ দেন।

**সিদ্ধান্ত ঃ** শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আরও উদ্যোগী হতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) / নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**আলোচ্যসূচী-৮ঃ <u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) (APA)</u> ঃ**

**আলোচনা ঃ** সভায় জানান হয়, কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অগ্রগতির প্রধান প্রকৌশলীর দপ্তর হতে নিয়মিত ভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। ইতিমধ্যে ঢাকা, চট্রগ্রাম,সিলেট ও ই/এম জোনের আওতাধীন অফিস সমুহের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিভিন্ন দিক পর্যালোচনার লক্ষ্যে ২(দুই)দিন ব্যাপি কর্মশালার আয়োজন করা হয়। সভাপতি APA চুক্তি মাসিক অগ্রগতির প্রতিবেদন মাঠ পর্যায় হতে নিয়মিত প্রাপ্তি এবং তা যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্তঃ** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী মাঠ পর্যায়ের প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণ এবং প্রধান প্রকৌশলীর দপ্তর হতে তা মন্ত্রণালয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়ন ঃ** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন- ঢাকা/ চট্রগ্রাম/ সিলেট/ রাজশাহী/ রংপুর/ বরিশাল/ খুলনা/ ই-এম, ঢাকা/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**আলোচ্যসূচী- ৯ ঃ <u>e-Tendering:</u>**

**আলোচনা ঃ** সভায় জানান হয়, মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং অগ্রগতির প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। ৭ই ডিসেম্বর/২০১৬ পর্যন্ত সর্বমোট ১১৪২টি tender e-gp এর মাধ্যমে আহবান করা হয়েছে। তন্মধ্যে ৬০৭টি দরপত্রের নিস্পত্তি হয়েছে। সভায় জানানো হয় e-gp এর মাধ্যমে দরপত্র আহবানের অর্জিত অগ্রগতি প্রতিবেদন দাখিল সংক্রান্ত মন্ত্রণালয়ের স্মারক নং-গৃগম/পরি-১/বিবিধ-০৫/২০১০(অংশ-২)/৩০৪ তারিখ-০৮/১২/২০১৬খ্রিঃ এর পত্রটি পৃষ্টাংকন করে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিকট প্রেরণ করা হয়েছে। সভাপতি সকল টেন্ডার e-gp এর মাধ্যমে করার ব্যাপারে মন্ত্রণালয়ের সিদ্ধান্তটি যথাযথভাবে অনুসরণের উপর গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্তঃ** ডিসেম্বর/২০১৬খ্রিঃ থেকে সকল টেন্ডার e-gp এর মাধ্যমে করার লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) / নির্বাহী প্রকৌশলী (এম.আই.এস.সেল), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**আলোচ্যসূচী- ১০ ঃ <u>প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ-এর চাহিত প্রতিবেদন প্রেরণ:</u>**

**আলোচনা ঃ** সভায় জানান হয়, মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের প্রতিবেদন ০২/১২/২০১৬ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (Soft Copyসহ)।এ ধরনের প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে নির্ধারিত সময়সীমা কঠোরভাবে অনুসরনের উপর সভাপতি গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্ত ঃ** মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের প্রতিবেদন (Soft Copy ই-মেইলে) প্রতি মাসের ০২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**আলোচ্যসূচী- ১১ঃ <u>বিবিধ(অবসরে যাওয়া কর্মকর্তা ও কর্মচারীদের লাম গ্রান্ট প্রসঙ্গে)</u>।**

**আলোচনা ঃ** সভায় জানানো হয় চলতি অর্থ বছরে যে সমস্ত কর্মকর্তা ও কর্মচারী অবসরে যাবেন, তাদের আনুতোষিক এর পরিমাণ মন্ত্রণালয়কে জানাতে হবে। সম্প্রতি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বিএমসি সভায় লাম গ্রান্টের বিষয়টি সঠিকভাবে জানানোর জন্য বলা হয়েছে। চলতি অর্থ বছরে কতজন কর্মচারী ও কর্মকর্তা অবসরে যাবেন তাদের সংখ্যা ও আনুতোষিক অর্থের পরিমাণ জরুরী ভিত্তিতে নির্নয়ের উপর সভাপতি গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্তঃ** ২০১৬-২০১৭ অর্থ বছরে কতজন কর্মচারী ও কর্মকর্তা অবসরে যাবেন তাদের সংখ্যা ও আনুতোষিক অর্থের পরিমাণ যথাযথভাবে নির্নয় করে জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(মোঃ খোরশেদ আলম )**
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৬.০০৫.১২- ৩৫০(২২) প্রগতি তারিখঃ ০৫ /০৯/১৪২৩ বঙ্গাব্দ
১৯/১২/২০১৬ খ্রিস্টাব্দ

<u>বিতরন ঃ</u>

১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন- ঢাকা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/বরিশাল/খুলনা/ ই-এম, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী- সংস্থাপন/উন্নয়ন/মনিটরিং এন্ড অডিট, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ।
৪। পরিচালক, পি ডব্লিউ ডি, ট্রেনিং একাডেমী, এলেনবাড়ী তেজগাঁও, ঢাকা।
৫। আইন কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৬। উপ-সচিব (প্রশাসন-৩ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৭। নির্বাহী প্রকৌশলী- সংস্থাপন/ সমন্বয়/ তদন্ত/ এম.আই.এস.সেল/অডিট, ঢাকা।
৮। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৯। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস) এর ব্যক্তিগত সহকারী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**(মোসলেহ উদ্দীন আহাম্মদ)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

E:\ZOBAER\CORD-MEEting. Vaban\Meetting Karjobiborny_ 22-11-2016 -November.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
<u>গণপূর্ত অধিদপ্তর, প্রগতি শাখা, ঢাকা</u>

বিষয় ঃ- মাসিক প্রাক-সমন্বয় সভা।

সভার তারিখ ও স্থান ঃ- ১৯/১২/২০১৬, রোজ সোমবার, দুপুর-১২.০০ ঘটিকায় ।

সভার স্থান ঃ- প্রধান প্রকৌশলীর সভাকক্ষ ।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের ঠিকানা, টেলিফোন / মোবাইল নম্বর | কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | অপূর্ব ভৌমিক, নির্বাহী প্রকৌশলী | (উন্নয়ন কোষ), 01741674520 | [signature] |
| ২। | মো: মহেন্দ্র উদ্দিন আলকদার - নির্বাহী প্রকৌশলী | আইটি বিভাগ | [signature] ১৯/১২/১৬ |
| ৩। | মোসলেহ উদ্দীন আহমদ - তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) | গণপূর্ত অধিদপ্তর 01552 401158 | [signature] ১৯/১২/১৬ |
| ৪। | মো: আব্দু: আহাদ [illegible] | 01715-380988 | [signature] |
| ৫। | হুসনাত সাবরিনা নির্বাহী প্রকৌশলী | 01552-407402 | Sabrina ১৯/১২/১৬ |
| ৬। | মো: মফিজুল হক ভূঁইয়া সহ: প্র-৩ | 01718803203 | [signature] ১৯/১২/১৬ |
| ৭। | মো: খালেদ হুমায়ুন | 01819-133159 | [signature] 19/12/16 |
| ৮। | তাসনোরা বিনতে রেজা | 01813 210418 | [signature] 19/12/16 |
| ৯। | নাহিদ আফরোজ উ: বি: প্র: | উন্নয়ন কোষ 01742-191275 | N. Afroz 19-12-16 |
| ১০। | | | |
| ১১। | | | |
| ১২। | | | |
| ১৩। | | | |
| ১৪। | | | |